

108014 - রোয়াদারের মিসওয়াক ও টুথপেস্ট ব্যবহার করা

প্রশ্ন

মিসওয়াক কিংবা টুথপেস্ট ব্যবহারে কি রোয়া ভেঙ্গে যাবে?

প্রিয় উত্তর

রোয়া রেখে মিসওয়াক ও টুথপেস্ট ব্যবহার করা জায়েয়। তবে এর কোন কিছু গিলে ফেলা থেকে সতর্ক থাকতে হবে। বরং
রোয়াদার ও বে-রোয়াদার সবার জন্য মিসওয়াক ব্যবহার করা সুন্নত।

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া (রহঃ) বলেন:

“কোন মতভেদ ছাড়া মিসওয়াক ব্যবহার করা জায়েয়। কিন্তু সূর্য পশ্চিমাকাশে হেলে পড়ার পর মিসওয়াক ব্যবহার করা মাকরহ
কিনা; এ ব্যাপারে তারা দুটো অভিমত ব্যক্ত করেছেন। এ দুটো অভিমতই ইমাম আহমাদ থেকে বর্ণিত আছে। কিন্তু এটি মাকরহ
হওয়ার সপক্ষে শরায়ি এমন কোন দলিল নেই; যা মিসওয়াক সংক্রান্ত দলিলগুলোর সার্বিকতাকে সংকুচিত করবে।”[আল-ফাতাওয়াল
কুবরা (২/৪৭৪) থেকে সমাপ্ত]

ফতোয়া বিষয়ক স্থায়ী কমিটির আলেমগণকে জিজ্ঞেস করা হয়েছিল:

রোয়াদার কি সুগন্ধি ব্যবহার করতে পারেন? তার জন্য দিনের বেলায় মিসওয়াক করা কি জায়েয়? নারী কি মেহেদী ব্যবহার করতে
পারেন কিংবা চুল আঁচড়ানোর জন্য তেল দিতে পারেন?

তারা জবাব দেন: “রোয়াদার তার পোশাকে, কিংবা মাথায় পরিধেয়ের উপরে কিংবা শরীরে সুগন্ধি দিতে পারেন। তবে তিনি সুগন্ধি
নাক দিয়ে গ্রহণ করবেন না। রোয়াদার দিনের বেলায় মিসওয়াক করতে পারেন। যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম
বলেছেন: “যদি না আমার উম্মতের জন্য কষ্টকর না হত তাহলে আমি প্রত্যেক নামাযের সময় তাদেরকে মিসওয়াক করার নির্দেশ
দিতাম”[মুত্তাফাকুন আলাইহি] এই হাদিস রোয়াদারের ও বে-রোয়াদারের যোহরের নামায ও আসরের নামাযকেও অন্তর্ভুক্ত করে।
আমরা এমন কোন সহিত দলিল জানি না যা এ সময়ে মিসওয়াক করা থেকে বারণ করে।

নারী মেহেদী দিতে পারেন কিংবা চুল আঁচড়ানোর জন্য চুলে তেল দিতে পারেন। যেহেতু এটি রোয়ার উপর কোন নেতৃত্বাচক প্রভাব
ফেলে না। অনুরূপভাবে পুরুষও রোয়া রেখে শরীরে কোন ওষধ বা অন্য কিছু মাখতে পারেন।”[সমাপ্ত][ফাতাওয়াল লাজনাদ দায়িমা
(১০/৩২৮)]

শাইখ ইবনে বাযাকে জিজ্ঞেস করা হয়েছিল: রোয়াদারের টুথপেস্ট ব্যবহার করার ভক্তি কি?

তিনি জবাব দেন: “মিসওয়াকের মত টুথপেস্ট দিয়ে দাঁত পরিষ্কার করলে রোগ ভঙ্গবে না। তবে পেটের ভেতর কিছু চলে যাওয়া থেকে সতর্ক থাকতে হবে। যদি অনিচ্ছা সত্ত্বেও কোন কিছু ভেতরে চলে যায় সেক্ষেত্রে তাকে রোয়াটি কায়া করতে হবে না।”[মাজমুউ ফাতাওয়াশ শাহী ইবনে বায (১৫/২৬০) থেকে সমাপ্ত]

আল্লাহহই সর্বজ্ঞ।